

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪০৯

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৪. দ্বিতীয় অনুচ্ছেদ - উয়ুর নিয়ম-কানুন

আরবী

وَعَنْ عُثْمَانَ رَضِيَ اللَّهُ عَنْهُ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يُخَلِّ لِحِيَتَهُ. رَوَاهُ التِّرْمِذِيُّ وَالْدَّارِمِيُّ

বাংলা

৪০৯-[১৯] 'উসমান (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (উয়ু (ওয়ু/ওজু/অজু) করার সময়) নিজের দাঢ়ি খিলাল করতেন। (তিরমিয়ী ও দারিমী)[1]

ফুটনোট

[1] সহীহ : তিরমিয়ী ৩১, দারিমী ৭০৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (কান যুখল লহিতে) তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তাঁর হাত তাঁর দাঢ়ির মধ্যে প্রবেশ করায়ে খিলাল করতেন। তিরমিয়ী হাদীসটি তাঁর “ইলালিহল কাৰীর”-এ বলেছেন, মুহাম্মাদ ইবনু ইসমাউল আল বুখারী বলেছেনঃ খিলাল করার প্রসঙ্গে অধিক বিশুদ্ধ বিষয় ‘উসমান (রাঃ)-এর হাদীস।

দাঢ়ি খিলাল করা সুন্নাত, তাই আমরাও খিলাল করবো। চুলের গোড়ায় পানি পৌঁছানোর জন্য খিলাল করা ত্যাগ করবো না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁজিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=54968>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন